

বিভাগীয় প্রকৌশলীর কার্যালয় এস আই এস বিলাপ-২, ঢাকা।		
৬২৬	তারিখঃ- ২১/৩/২৩	
	প্রাপকঃ-	
স: প্র:	উ: বি: প্র:	নি: প্র:
		✓

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান প্রকৌশলীর কার্যালয়  
গণপূর্ত অধিদপ্তর  
হিসাব শাখা-১  
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.৪১.০০৫.২২.১৩৬

তারিখ: ৬ ফাল্গুন ১৪২৯

১৯ ফেব্রুয়ারি ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ আর্থিক সালে বিভাগীয় শহরে সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে ১০০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ ক্যান্সার চিকিৎসা কেন্দ্র স্থাপন শীর্ষক প্রকল্পের বরাদ্দকৃত অর্থ হতে সিভিল কাজের ব্যয় নির্বাহের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত প্রকল্পের কাজে চলতি আর্থিক সালে খরচ করার জন্য ২০০০.০০ লক্ষ (বিশ কোটি) টাকা মাত্র নিম্নবর্ণিত বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো।

ক্র/নং	কাজের নাম	অর্থ বরাদ্দ
০১	Establishment of 100 (Hundred) Bed Cancer Unit at Government Medical College Hospital of Divisional Head Quarters One at Sylhet MAG Osmani Medical College Hospital, Sylhet (Sub-head: Construction of 15 (fifteen) storied cancer Unit Building plus 2(Two) basement with 17(seventeen) Storied Foundation including Civil, Sanitary & Internal Electrification works). (ID No-561148).	২০০০.০০ লক্ষ

উক্ত খরচ প্রকল্প পরিচালক, "বিভাগীয় শহরে সরকারি মেডিকেল কলেজ ও হাসপাতালে ১০০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গ ক্যান্সার চিকিৎসা কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা এর স্মারক নং-৭৭ তারিখঃ-২৩/০১/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে মঞ্জুরিকৃত এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকার স্মারক নং/৩১৪১ তারিখঃ-০৭/০২/২৩ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ২০০০.০০ লক্ষ টাকা হিসাবের কোড নং-১২৭০২০১-২২৪৩-০৪৪০০-৪১১১১০১ খাতের ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে বহন/সংকুলান করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক নিম্নোক্ত শর্ত অনুসরণ করে খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ/পালন করতে হবে।

শর্তঃ-

- প্রত্যাশি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যাশি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের হিসাব এ দপ্তরে/প্রত্যাশি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।
- ছাড়কৃত অর্থের অব্যয়িত অর্থ (যদি থাকে) যথাসময়ে এ দপ্তরে নিকট সমর্পণ করতে হবে।